

নং 2.1

নির্বাচী আদেশ

ব্রহ্মস, ডাচেস, কিংস, নাসাউ, নিউ ইয়র্ক, অরেঞ্জ, পুটনাম, কুইন্স, রিচমন্ড, রকল্যান্ড, সাফোক, সালিভান, আলস্টার, ওয়েস্টচেস্টার এবং সংলগ্ন কাউন্টিগুলিতে বিপর্যয় ঘোষণা অব্যাহত রাখা

যেখানে, 1 সেপ্টেম্বর, 2021 তারিখে এবং তারপর থেকে অব্যাহত, ক্রান্তিয় ডিপ্রেসন আইডা নিউ ইয়র্ক স্টেটে বিপজ্জনক পরিস্থিতির সৃষ্টি করে, যা ব্রহ্মস, ডাচেস, কিংস, নাসাউ, নিউ ইয়র্ক, অরেঞ্জ, পুটনাম, কুইন্স, রিচমন্ড, রকল্যান্ড, সাফোক, সালিভান, আলস্টার, ওয়েস্টচেস্টার এবং সংলগ্ন কাউন্টিগুলিতে গণ পরিবহণ, ইউটিলিটি পরিষেবা, গণ স্বাস্থ্য, এবং গণ নিরাপত্তা ব্যবস্থার ক্ষেত্রে বিপজ্জনক পরিস্থিতি তৈরি করে।

যেখানে, ক্রান্তিয় বড় আইডা মুম্বলধারে বৃষ্টি এবং বন্যার কারণ হয়েছে। এই অবস্থার কারণে প্রভাবিত এলাকাগুলি জুড়ে বিদ্যুৎ বিভ্রাট, ভেঙে পরা গাছ, স্থানীয় আকস্মিক বন্যা, সড়ক বন্ধ, যাতায়াতের ব্যাঘাত, এবং সরকারি ও বেসরকারি সম্পত্তির ক্ষতির 31,300-টিরও বেশি ঘটনা ঘটেছে যা জনস্বাস্থ্য ও নিরাপত্তা বিপন্ন করে চলেছে;

যেখানে, সেপ্টেম্বর 2, 2021 তারিখে আমি নির্বাচী আদেশ 2 জারি করেছি একটি রাজ্যের দুর্যোগ সংক্রান্ত জরুরী অবস্থা ঘোষণা করে ব্রহ্মস, ডাচেস, কিংস, নাসাউ, নিউ ইয়র্ক, অরেঞ্জ, পুটনাম, কুইন্স, রিচমন্ড, রকল্যান্ড, সাফোক, সালিভান, আলস্টার, ওয়েস্টচেস্টার এবং সংলগ্ন কাউন্টিগুলিতে;

এখন, অতএব, আমি, ক্যাথি হোচুল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক সংবিধান এবং নির্বাচী আইনের আর্টিকেল 2-B এর ধারা 28 অনুযায়ী প্রদত্ত ক্ষমতার বলে আমি এতদ্বারা রাজ্যের দুর্যোগকালীন সঙ্কট বর্ধিত করছি, যেমন নির্বাচী আদেশ 2 এ উল্লিখিত আছে এবং নির্বাচী আদেশ 2 এ উল্লিখিত নিয়ম, শর্তাবলী, এবং স্থগিতাদেশগুলি অব্যাহত রাখছি 17 আগস্ট, 2021 তারিখ পর্যন্ত;

উপরন্তু, রাজ্যের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থায় যে কোন সংস্থার কোনও আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, নিয়ম, বা বিধি, বা এর অংশগুলির সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করা যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপের পথে বাঁধার কারণ হয়, বা সেই প্রক্রিয়াকে বিলম্বিত করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার জন্য প্রয়োজন হয়, তাহলে আমি কার্যনির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, এই নির্বাচী আদেশের তারিখ থেকে 17 অক্টোবর, 2021 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করছি:

- রাজ্যের আর্থিক আইনের ধারা 179-5 সেই পরিসর অবধি সংশোধন করা যাতে অ্যাটর্নি জেনারল ও স্টেট কম্পট্রোলারের অনুমোদন সেই সব চুক্তির ক্ষেত্রে প্রয়োজন না হয় সঙ্কটের প্রতি প্রতিক্রিয়া ব্যস্ত করতে।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবানি শহরে স্টেটের নিজস্ব সিলমোহর
সহ দুই হাজার একুশ সালের সেপ্টেম্বর মাসের সতেরোতম
দিনে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব